

া সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৮২৮

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/৭. যোহর ও আসর সালাতের কিরাআত।

بَابِ الْقِرَاءَةِ فِي الظُّهْرِ وَالْعَصْرِ

আরবী

حَدَّثَنَا يَحْيَى بْنُ حَكِيمٍ، حَدَّثَنَا أَبُو دَاوُدَ الطَّيَالِسِيُّ، حَدَّثَنَا الْمَسْعُودِيُّ، حَدَّثَنَا زَيْدُ الْعَمِّيُّ، عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ اجْتَمَعَ ثَلاَثُونَ بَدْرِيًّا مِنْ أَصِحَابِ رَسُولِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ، قَالَ اجْتَمَعَ ثَلاَثُونَ بَدْرِيًّا مِنْ أَصِحَابِ رَسُولِ اللَّهِ عَلَى الله اللَّهِ عَلَى الله عليه وسلم - فَقَالُوا تَعَالَوْا حَتَّى نَقِيسَ قِرَاءَةَ رَسُولِ اللَّهِ - صلى الله عليه وسلم - فِيمَا لَمْ يَجْهَرْ فِيهِ مِنَ الصَّلَاةِ . فَمَا اخْتَلَفَ مِنْهُمْ رَجُلاَنِ فَقَاسُوا قِرَاءَتَهُ فِي عليه وسلم - فِيمَا لَمْ يَجْهَرْ فِيهِ مِنَ الصَّلَاةِ . فَمَا اخْتَلَفَ مِنْهُمْ رَجُلاَنِ فَقَاسُوا قِرَاءَتَهُ فِي الرَّكْعَةِ الأُخْرَى قَدْرَ النِّصَفْ مِنْ ذَلِكَ الرَّكْعَةِ الأُولَى مِنَ الظُّهْرِ بِقَدْرِ ثَلَاثِينَ آيَةً وَفِي الرَّكْعَةِ الأُخْرَى قَدْرَ النِّصَفْ مِنْ الظُّهْرِ . وَقَاسُوا عَلَى قَدْرِ النِّصَفْ مِنَ الرَّكْعَتَيْنِ الأُخْرَيَيْنِ مِنَ الظُّهْرِ .

বাংলা

৪/৮২৮। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু অালাইহি ওয়াসাল্লাম এর সাথে বদরের যুদ্ধে অংশগ্রহণকারী তিরিশজন সাহাবী সমবেত হয়ে বলেনঃ আসুন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর নীরবে পঠিত (যোহর ও আসর) সালাতের কিরাআত সম্পর্কে অনুমান করি। তাদের মধ্যে দুজন সাহাবীও তাদের এ অনুমানে মতভেদ করেননি যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যোহরের প্রথম রাকআতে ত্রিশ আয়াত এবং দ্বিতীয় রাকআতে তার অর্ধেক সংখ্যক আয়াত তিলাওয়াত করতেন। এভাবে তারা অনুমান করলেন যে, তিনি আসরের সালাতে যুহরের দ্বিতীয় রাকআতে পঠিত কিরাআতের সমপরিমাণ কিরাআত পড়তেন।

English

It was narrated that Abu Sa'eed Al-Khudri said:

"Thirty of the Companions of the Messenger of Allah (ﷺ) who had been at Badr came together and said: 'Come, let us estimate the length of the recitation of the Messenger of Allah (ﷺ) for the prayer in which Qur'an is not



recited out aloud.' No two men among them disagreed, and they estimated the length of his recitation in the first Rak'ah of the Zuhr to be thirty Verses and in the second Rak'ah to be half of that. They estimated his recitation in 'Asr to be half of the last two Rak'ah of Zuhr."

ফুটনোট

তাখরীজ কুতুরুত সিত্তাহ: মুসলিম ৪৫২, নাসায়ী ৪৭৫-৭৬, আবূ দাউদ ৮০৪, আহমাদ ১১৩৯৩, দারিমী ১২৮৮।

তাহকীক আলবানী: যঈফ, তবে সহীহ মুসলিমে কিয়াস শব্দ ব্যতীত মারফূ সূত্রে বর্ণনা রয়েছে। উক্ত হাদিসের রাবী যায়দ আল আস্মী সম্পর্কে ইমাম দারাকুতনী সালিহ বললেও ইয়াহইয়া বিন মাঈন ও আলী ইবনুল মাদীনী বলেন, তিনি হাদিস বর্ণনায় দুর্বল।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন